# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-১২৭ তারিখ: ০৪/০৭/২০২২ খ্রি.

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স-১ম পর্ব (প্রাইভেট) কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী ডিগ্রি (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। আবেদনকারীকে ডিগ্রি (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ন্যূনতম ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত ০৪(চার) বছর মেয়াদী অনার্স কোর্সে পাস ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

ঙ) মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীগণ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুসরণ করবে।

নিম্নলিখিত বিষয়ে মাস্টার্স-১ম পর্ব প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে ঃ বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

২। দ্বৈত ভর্তি সম্পর্কে নির্দেশনা: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/ অধ্যায়নরত অথবা অন্য যে কোনো প্রোগ্রামে বর্তমানে অধ্যায়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোনো শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে " জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোনো শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/ রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোনো শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/ রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৩। ভর্তি/রেজিস্ট্রেশনের আবেদনের সময়:- ০৪ /০৭/২০২২ তারিখ বিকাল ৪:০০টা থেকে ২৩/০৭/২০২২খ্রি. রাত ১২:০০টা পর্যন্ত করা যাবে।

৪। আবেদন পদ্ধতি: আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) **Masters Tab** এ প্রবেশ করে **Apply Now (Masters Preli. Private)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সন, একটি নিবন্ধিত মোবাইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligible**) বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত বিষয় নির্ধারণ করতে হবে। চাঁদপুর সরকারি কলেজে আবেদনের ক্ষেত্রে কলেজ কোড- ৩৯০১। আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ x ১৫০ **Pixels,Image Type:Jpg Maximum File Size: 50Kb.** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি **Download** করে **A4 (8.5''X 11'')** অফসেট কাগজে (**Print**) কপি নিতে হবে।

৫। ফি প্রদান পদ্ধতি: বিকাশ অ্যাপস্-এর এডুকেশন ফি অথবা নগদ অ্যাপস্-এর পে-বিল অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে অনলাইন আবেদন ফরমের **Admission Roll** (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে **July-22 Select** করে আবেদন ফি বাবদ ১৩৫০/-(একহাজার তিনশত পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে **Payment** সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১২/০৭/২০২২ তারিখ হতে ২৪/০৭/২০২২ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে অবশ্যই ফি জমা প্রদান করতে হবে।

৬। বিকাশ অথবা নগদ অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ ১২/০৭/২০২২ তারিখ হতে ২৪/০৭/২০২২ তারিখের মধ্যে অবশ্যই কলেজ অফিসে জমা দিতে হবে। অন্যথায় রেজিস্ট্রেশন আবেদন নিশ্চয়ন সম্ভব হবে না।

৭। ২৪ /০৭/২০২২ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ২৫/০৭/২০২২ তারিখ কলেজের হটলাইন নম্বর ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে ৪:০০টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৪।০৭।২০২২
(প্রফেসর অসিত বরণ দাশ)
প্রফেসর অসিত বরণ দাশ
অধ্যক্ষ (৩৯২৮)
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান,......................................, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।

CamScanner